# অনলাইনে মনোয়ন দাখিলের নির্দেশিকা

## বাংলাদেশ নির্বাচন কমিশন
## নির্বাচন কমিশন সচিবালয়

ভার্সন ২.১, মার্চ ২০২৪

<u>অনলাইন এ মনোনয়ন ফরম পূরণ করার আগে নিম্নলিখিত প্রয়োজনীয় তথ্য/ডিভাইস গুলো হাতের নাগালে রাখুনঃ</u>

১. জাতীয় পরিচয় পত্র নম্বর (এনআইডি নম্বর)

২. মোবাইল নম্বর

৩. ইমেইল এ্যাড্রেস

৪. টিআইএন নম্বর

৫. প্রস্তাবকারী ব্যক্তি, তার এনআইডি ও ঠিকানা (অবশ্যই সংশ্লিষ্ট উপজেলার ভোটার হতে হবে)

৬. সমর্থনকারী ব্যক্তি, তার এনআইডি এবং তার ঠিকানা (অবশ্যই সংশ্লিষ্ট উপজেলার ভোটার হতে হবে)

৭. ভোটার তালিকায় প্রার্থীর ভোটার ক্রমিক নম্বর

৮. ডকুমেন্ট স্ক্যানার

৯. ক্যামেরা সুবিধা সহ ল্যাপটপ/ডেক্সটপ/ট্যাব/ মোবাইল

১০. বর্তমান কর্মস্থলের নাম ও ঠিকানা

১১. পিতা-মাতার তথ্য,স্বামী/স্ত্রীর নাম, জন্মতারিখ, বয়স, জন্মস্থান

১২. তাৎক্ষণিক যোগাযোগের জন্য টেলিফোন/মোবাইল /email address

১৩. সন্তানদের তথ্য

১৪. শিক্ষাগত যোগ্যতা

১৫. ফৌজদারি মামলা সংক্রান্ত তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে)

১৬. প্রার্থীর উপর নির্ভরশীলদের আয়ের উৎস সমূহ, পরিসম্পদ ও দায় বিবরণী

১৭. প্রার্থীর দায় ও ঋণ সংক্রান্ত তথ্য

১৮. প্রার্থীর বাৎসরিক আয় ব্যয়ের বিবরণী

১৯. সদ্য তোলা রঙিন পাসপোর্ট সাইজের ৩০০X৩০০ পিক্সেলে স্ক্যান করা ছবি

২০. রাজনৈতিক দলের (প্রযোজ্য ক্ষেত্রে) প্রত্যয়ন

২১. আয়কর রিটার্ন এর কপি

২২. সম্পদ বিবরণী

২৩. সর্বশেষ আয়কর পরিশোধের রশিদ

২৪. নির্বাচনের ব্যয় নির্বাহের জন্য ব্যবহৃতব্য ব্যাংকের নাম,একাউন্ট নম্বর এবং ব্যাংকের শাখার নাম

২৫. সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র

২৬. ভোটার তালিকার সিডি কেনার রশিদ

সকল ডকুমেন্ট স্ক্যান করে ডিভাইস মেমোরি বা পেনড্রাইভে রেখে দিলে পরবর্তীতে কাজে সুবিধা হবে

- সকল ডকুমেন্ট PDF ফরমেটে হতে হবে

# Online Nomination Submission System (ONSS)

# অনলাইন নমিনেশন সাবমিশন সিস্টেম


**১। নির্বাচনে প্রার্থীগণ Online Nomination Submission System (ONSS) ব্যবহার করে মনোয়নপত্র দাখিল করতে পারেন। এজন্য কমিশনের অফিসিয়াল ওয়েবসাইটে (www.ecs.gov.bd) গিয়ে 'অনলাইনে মনোয়নপত্র দাখিল' লিংকে ক্লিক করতে হবে অথবা সরাসরি অনলাইনে মনোয়নপত্র দাখিলের পেজ এ (https://onss.ecs.gov.bd) যেতে হবে।**




**১। নির্দেশিকা ডাউনলোড করতে 'নির্দেশিকা'য় ক্লিক করুন**

**২। যদি ইতিপূর্বে রেজিস্ট্রেশন করা না থাকে তাহলে রেজিস্ট্রেশনের লিংক এ  ক্লিক করুন**


**৩। ইতিপূর্বে রেজিস্ট্রেশন করা থাকলে লগইন লিংকে ক্লিক করুন।**





---

## রেজিস্ট্রেশন প্রক্রিয়াঃ ছবি -১

**১। রেজিস্ট্রেশন প্রক্রিয়া:** রেজিস্ট্রেশন করার জন্য রেজিস্ট্রেশন পেজে নির্বাচনের ধরন, নির্বাচনের নাম, বিভাগ , জেলা, নির্বাচনী পদ ড্রপ ডাউন লিস্ট থেকে নির্বাচন করুন এবং আপনার জন্ম তারিখ, এনআইডি নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল টাইপ করে '**রেজিস্ট্রেশন করুন**' বাটনে ক্লিক করার পর ফেস ভেরিফিকেশন এর জন্য একটি আলাদা উইন্ডো আসবে (ছবি-২)। এই পর্যায়ে পিছনে স্থির (সাদা ব্যাকগ্রাউন্ড হলে ভালো হয়) ব্যাকগ্রাউন্ড নিয়ে আপনার মুখের (কাঁধ পর্যন্ত) ছবি তুলুন। তারপর 'যাচাই' বাটনে ক্লিক করুন। একাধিকবার ছবি তুলতে হতে পারে। ডাটাবেজের তথ্য ও ছবিতে মিল হলে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন হবে (ছবি-৩) এবং আপনার দেয়া মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে ইউজার আইডি এবং পাসওয়ার্ড জানিয়ে দেয়া হবে।





ফেস ভেরিফিকেশন ছবি-২



রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন-৩


**২। লগইন প্রক্রিয়াঃ** প্রথমবার লগইন করার সময় মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে প্রাপ্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করতে পারবেন এবং লগইন পরবর্তীতে নুতন পাসওয়ার্ড নিজের মত করে দিবেন এবং একই পাসওয়ার্ড 'কনফার্ম পাসওয়ার্ড' বক্সে দিয়ে সেভ করলে নতুন পাসওয়ার্ড সেট হবে (ছবি-৪)। মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে প্রাপ্ত ইউজার আইডি এবং নতুন সেট করা পাসওয়ার্ড যত্ন সহকারে সংরক্ষণ করুন; পরবর্তীতে প্রোফাইলে লগইন করার জন্য এই সংরক্ষিত ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রয়োজন হবে।





ছবি-৪ ছবি-০৫


৩. পাসওয়ার্ড পরিবর্তন করে নুতনভাবে লগইন করার পর সর্বডানের **“প্রক্রিয়া”** হতে **‘এডিট বাটন’** (কলম-কাগজ প্রতীক চিহ্ন, ছবি -৫) এ ক্লিক করতে হবে। অতঃপর গাইডলাইন অনুযায়ী মনোনয়ন ফরমসহ সকল ফরম ধাপে ধাপে পূরণ করতে হবে।




**<u>মনোনয়ন ছবি -৬</u>**


**<u>৪. প্রথমখন্ড- মনোয়নঃ</u> (**ছবি-৬**)** প্রস্তাবকারী কর্তৃক পূরণ করতে হবে এবং প্রস্তাবকারী সংশ্লিষ্ট উপজেলার ভোটার হতে হবে। প্রস্তাবকারীর NID নম্বর, প্রস্তাবকারীর ভোটার তালিকার ক্রমিক নম্বর, জন্মতারিখ, ঠিকানা- বিভাগ হতে এলাকা পর্যন্ত পূরণ করতে হবে। প্রার্থীর তথ্য স্বয়ংক্রিয়ভাবে পূরণ করা থাকবে। এবার “----এর নাম প্রস্তাব করিতেছি -------------------------করি নাই” তে টিক (√) দিয়ে ক্লিক করলে প্রস্তাবকারীর চেহারা সনাক্তকরণ প্রক্রিয়া শুরু হবে। **"ছবি তুলুন"** এ ক্লিক করে **“যাচাই করুন”** এ ক্লিক করতে হবে। পরবর্তীতে “আপনি নিশ্চিত করতে চান?” মেসেজ এলে **“ঠিক আছে”** বাটনে ক্লিক করতে হবে।

দ্বিতীয় খন্ড




ছবি-৭


৫. একই প্রক্রিয়ায় সমর্থনকারীর অংশ পূরণ করতে হবে এবং ঘোষনা অংশ টিক(√) দিয়ে পরবর্তী বাটনে ক্লিক করে পূর্বের ন্যায় সমর্থনকারীর ছবি যাচাই করতে হবে।




ছবি-৮

তৃতীয় অংশ


**মনোনীত প্রার্থী কর্তৃক ঘোষনা** প্রার্থীর নাম থেকে---ক্রমিক নম্বর পর্যন্ত স্বয়ংক্রিয়ভাবে পূরণ করা থাকবে। বিভাগের নাম থেকে - ভোটার এলাকা পর্যন্ত ঘর পূরণ করে “ঘোষনা”র অংশে (৪) নং এ ১২ ডিজিটের টিআইএন নম্বর এবং ৫নং এ রাজনৈতিক দল বা স্বতন্ত্র (প্রয়োজনে) সিলেক্ট করতে হবে। ৭নং এর ক,খ,গ অংশ পূরণ করে পরবর্তী বাটনে ক্লিক করতে হবে।




ঘোষনা -ছবি-৯


৬. প্রার্থীর ব্যক্তিগত তথ্য পূরণঃ

প্রার্থীর নাম, এনআইডি, পিতা-মাতার নাম, জন্মতারিখ, বয়স, লিঙ্গা, টিআইএন নম্বর, বর্তমান ও স্থায়ী ঠিকানা,মোবাইল, ই-মেইল এড্রেস স্বয়ংক্রিয়ভাবে পূরণ করা থাকবে। স্বামী-স্ত্রীর নাম, জন্মস্থানের ঠিকানা, বৈবাহিক অবস্থা, বর্তমান কর্মস্থল ও কর্মস্থলের ঠিকানা এবং সন্তানাদি সংক্রান্ত তথ্য (যদি থাকে) পূরণ করে 'হালনাগাদ' বাটনে ক্লিক করতে হবে।





৬. প্রার্থীর ব্যক্তিগত তথ্য ছবি-১০

৭. প্রার্থীর হলফনামাঃ ৪টি অংশ- হলফনামা, অস্থাবর সম্পদ, স্থাবর সম্পদ ও দায়



ছবি-১১

১. হলফনামা- নাম, পিতা-মাতা, প্রার্থীর ঠিকানা, জন্মতারিখ স্বয়ংক্রিয়ভাবে পূরণ করা থাকবে। সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা, ফৌজদারী মামলার বর্ণনা (যদি থাকে) পেশার বর্ণনা, প্রার্থী ও প্রার্থীর ওপর নির্ভরশীলদের আয়ের উৎস/উৎসসমূহের তথ্য পূরণ করে ‘সংরক্ষণ ও পরবর্তী’ বাটন চাপলে ‘অস্থাবর সম্পদ’ ওপেন হবে।




ছবি-১২

২.অস্থাবর সম্পদ:

প্রার্থী ও প্রার্থীর ওপর নির্ভরশীল ব্যক্তিবর্গের পরিসম্পদ ও দায়ের তথ্য বিবরণী পূরণ করতে হবে। তারপর **‘সংরক্ষণ ও পরবর্তী’** -তে ক্লিক করতে হবে ।


৩.স্থাবর সম্পদ



ছবি-১৩

স্থাবর সম্পদের বিবরণ ফরম পূরণ করে **‘সংরক্ষণ’ ও ‘পরবর্তী’** বাটন চাপুন।

৪.দায়



ছবি-১৪

দায় এর সকল তথ্য পূরণ করে **‘সংরক্ষণ’ ও ‘পরবর্তী’** বাটন চাপুন


৮. নির্বাচনি ব্যয় নির্বাহ—




ছবি-১৫

সকল তথ্য পূরন করে ‘সংরক্ষন’ ও ‘পরবর্তী’ বাটন চাপুন


৯.প্রার্থীর ফাইল সংযুক্তকরণ:




ছবি-১৬

প্রার্থীর ছবি (৩০০X৩০০ পিক্সেল), ম্যাজিস্ট্রেট স্বাক্ষরিত হলফনামার পিডিএফ, রাজনৈতিক দলের মনোয়ন (প্রযোজ্য ক্ষেত্রে), আয়কর রিটার্ন, সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সনদ, ভোটার তালিকার সিডি কেনার রশিদ, অন্যান্য কাগজপত্র (পূর্বেই যদি স্ক্যান করে সেভ করা থাকে) ইত্যাদি কম্পিউটার থেকে ব্রাউজ করে সংযুক্ত করে দিতে হবে।

১০। জামানত প্রদান:





ছবি-১৭

বাম পাশের **'পেমেন্ট'** অপশনে গিয়ে জামানতের জন্য প্রয়োজনীয় পরিমাণ টাকা ম্যানুয়েল চালান, A-chalan, Sonali Seba অথবা SSl Commerz- এর মাধ্যমে প্রদান করুন।

ম্যানুয়াল চালান- পূর্ব থেকে জামানত বাবদ চালান করে থাকলে তা আপলোড করা যাবে।

A-chalan, Sonali Seba অথবা SSl Commerz ব্যাবহার করে চালান, মোবাইল ব্যাংকিং (বিকাশ, নগদ, রকেট ইত্যাদি), ডেবিট/ক্রেডিট কার্ড ইত্যাদি ব্যবহার করে নির্দেশানুযায়ী সহজেই জামানত প্রদান করা যাবে।

পেমেন্ট সম্পন্ন হলে ড্যাশবোর্ডে জামানত প্রদানের তথ্য প্রদর্শিত হবে।




ছবি-১৮

১১. মনোয়নপত্র দাখিলঃ  সকল ধাপ যথাযথভাবে সম্পন্ন করার পর ড্যাশবোর্ডে মনোয়নপত্রটি দাখিল করার অপশন ‘চূড়ান্ত দাখিল’ পাওয়া যাবে। এ পর্যায়ে উপরের ‘মনোয়নপত্র’ বাটনে ক্লিক করে প্রার্থী কর্তৃক পূরণকৃত মনোয়নপত্র PDF ফরম্যাটে ডাউনলোড করে সব ঠিক আছে কিনা দেখে নেয়াটা ভাল। কোন কিছু পরিবর্তন বা যোগ করতে হলে তা দাখিলের আগেই সম্পন্ন করতে হবে; দাখিল পরবর্তী পরিবর্তন করার কোন সুযোগ নেই।

কোনরকম তথ্য পরিবর্তন করতে হলে বাম পাশের মেনু হতে প্রয়োজনীয় তথ্যের ধরণ/অপশন এ যেয়ে কাংখিত পরিবর্তন করে ‘সংরক্ষণ’ করুন। আর কোন রকম পরিবর্তন প্রয়োজন না হলে ‘দাখিল করুন’ বাটনে ক্লিক করে দাখিল সম্পন্ন করুন।